



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০১/০৯/২০২৪ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (মানবিক, ব্যবসায় শিক্ষা, বিজ্ঞান) ভর্তির সময় যে সকল শিক্ষার্থী SSC বা সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট কলেজে জমা দিতে পারে নি, তাদেরকে আগামী ০৮/০৯/২০২৪ হতে ১০/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ভর্তি কমিটির নিকট অবশ্যই জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। অন্যথায়, রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ি থাকবে না।

বিভাগ	মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও এর ফটোকপি জমাদানের তারিখ (সকাল ১০:০০ টা থেকে শুরু হবে)	স্থান
বিজ্ঞান	০৮/০৯/২০২৪ খ্রি. রবিবার	মূল একাডেমিক ভবন কক্ষ নং ১২০৭
মানবিক	০৯/০৯/২০২৪ খ্রি. সোমবার	মূল একাডেমিক ভবন কক্ষ নং ১২০৬
ব্যবসায় শিক্ষা	১০/০৯/২০২৪ খ্রি. মঙ্গলবার	নতুন ভবন কক্ষ নং ২১০২


০১.০৯.২০২৪
(প্রফেসর জাহেদা সুলতানা)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

০১/০৯/২৪

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ/আহ্বায়ক, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। আহ্বায়ক, একাদশ শ্রেণি ভর্তি কমিটি/২০২৪-২০২৫, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- ৫। সংরক্ষণ নথি।